অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডে মোহাক ভ্যালিতে কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস, এবং ডলজেভিল বিজয়ী হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

কুপার্সটাউন ভিলেজ 4.5 মিলিয়ন ডলার; শ্যারন স্প্রিংস ভিলেজ এবং ডলজেভিল ভিলেজের প্রত্যেকে 2.25 মিলিয়ন ডলার অনুদান পাবে

100 মিলিয়ন ডলারের নতুন NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের গতিশীলতার সঙ্গে যোগ হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে NY ফরোয়ার্ড (NY Forward)-এর প্রথম রাউন্ডে মোহাক ভ্যালির বিজয়ী হিসেবে কুপার্সটাউন ভিলেজ 4.5 মিলিয়ন ডলার এবং শ্যারন স্প্রিংস ভিলেজ ও ডলজেভিল ভিলেজ প্রত্যেকে 2.25 মিলিয়ন ডলার তহবিল লাভ করবে। স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) গতিশীলতার সঙ্গে যোগ হয়ে, 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করার জন্য DRI-এর মতো একই "পরিকল্পনার-মাধ্যমে-ব্যবস্থাগ্রহণ" কৌশল গ্রহণ করেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির প্রথম রাউন্ডের অংশ হিসেবে স্টেটের দশটি অর্থনৈতিক উন্নয়ন অঞ্চলের প্রত্যেকটিতে ক্ষুদ্র কমিউনিটিগুলোকে নিজেদের ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা করার জন্য দুই থেকে তিনটি অনুদান প্রদান করা হবে।

"ছোট টাউন ও সিটিগুলো যাতে সমৃদ্ধি অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ পেতে পারে তা নিশ্চিত করা নিউ ইয়র্কের পুনরুজ্জীবিতকরণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "এসব বিনিয়োগ কুপার্সটাউন ভিলেজ, শ্যারন স্প্রিংস ভিলেজ এবং ডলজেভিল ভিলেজকে নিজেদের ডাউনটাউনগুলোর উন্নয়ন করতে, অধিবাসী ও দর্শনার্থীদের জীবনযাপনের মান উন্নত করতে, এবং এই অঞ্চলে অর্থনৈতিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ করার জন্য নতুন কর্মসংস্থান তৈরি করতে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করতে সাহায্য করবে।"

NY ফরোয়ার্ড (NY Forward) স্টেটের অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টার একটি কেন্দ্রীয় উপাদান, যা নিউ ইয়র্কের ডাউনটাউনগুলোর পুনরুজ্জীবিতকরণ ত্বরান্বিত করা ও সম্প্রসারণ করার জন্য DRI-এর সাথে একসঙ্গে কাজ করছে। NY ফরোয়ার্ড এমন সব ক্ষুদ্র কমিউনিটিগুলোকে সেবা প্রদান করছে যেগুলোর ঐতিহাসিক চরিত্র সেগুলোকে সাধারণভাবে DRI-এর মাধ্যমে তহবিল বরাদ্দ পাওয়াটা বৃহত্তর, অধিকতর শহুরে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টগুলো থেকে পৃথক করে তুলেছে। NY ফরোয়ার্ড কর্মসূচির আওতাভুক্ত কমিউনিটিগুলো হেঁটে চলাচলের উপযুক্ত, অপেক্ষাকৃত কম ঘনবসতিপূর্ণ এলাকা যেগুলো সংলগ্ন স্থানীয় কমিউনিটিকে সেবা প্রদান করে, এবং অধিকতর স্থানীয় প্রকৃতির - যেগুলো আশেপাশের এলাকার আবাসিক বা গ্রামীণ কৃষিকেন্দ্রিক উন্নয়নের প্রতি জোর দেয়।

DRI-এর মতো, প্রতিটি NY ফরোয়ার্ড কমিউনিটি বাস্তবায়নের জন্য প্রস্তুত কিছু প্রকল্পের মাধ্যমে এটির ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করবে। NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে স্টেট বিভাগ (Department of State) অপেক্ষাকৃত কম সক্ষমতাসহ ক্ষুদ্রতর সম্প্রদায়গুলিকে আরো ভালোভাবে সমর্থন করার জন্য তাদের উন্নত কারিগরি সহায়তা প্রদান করবে এবং প্রত্যেক সম্প্রদায়ের আকারের উপর ভিত্তি করে যথাযথ প্রকল্পসমূহের অর্থায়ন করবে। প্রকল্পগুলোর মধ্যে ভবনের সংস্কারকাজ ও পুনঃউন্নয়ন, নতুন নির্মাণকাজ সম্পন্ন করা অথবা নতুন বা উন্নত জনসমাগমের স্থান তৈরি করা এবং সুনির্দিষ্ট সাংস্কৃতিক, ঐতিহাসিক গুণগুলোকে সমৃদ্ধ করবে এমন প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে যা ক্ষুদ্র-শহরগুলোর আকর্ষণীয় অনুভূতিকে উন্নত করতে পারে।

কুপার্সটাউন

কুপার্সটাউনের ডাউনটাউন একটি অসাধারণ কমিউনিটির কেন্দ্রস্থল, যা স্থানীয়, আঞ্চলিক অধিবাসীদের ও পর্যটকদেরকে বার বার আসার জন্য আকৃষ্ট করে থাকে। ন্যাশনাল বেসবল হল অব ফেম (National Baseball Hall of Fame) কুপার্সটাউনের নোঙ্গর হিসেবে কাজ করছে, যা বেসবল খেলোয়াড়, ভক্ত ও অনুরাগীদের জন্য একটি জাতীয় আকর্ষণ হিসেবে এবং শিল্প ও সংস্কৃতির একটি প্রিমিয়ার গন্তব্যস্থল হিসেবে কাজ করছে। ফেনিমোর আর্ট মিউজিয়াম (Fenimore Art Museum) এবং দ্য ফার্মার্স মিউজিয়াম (The Farmers' Museum) ভিলেজটির সীমানার ঠিক বাইরে অবস্থিত, এবং দুইটি বৃহৎ হল অব ফেম ইভেন্ট ছাড়াও ভিলেজটি অসংখ্য সঙ্গীতের ও সাংস্কৃতিক ইভেন্ট আয়োজন করে থাকে। পুরো ভিলেজটি ঐতিহাসিক স্থানসমূহের জাতীয় ও স্টেট রেজিস্টারে তালিকাভুক্ত রয়েছে, এবং লেক ওটসেগো এই কমিউনিটির জন্য একটি নৈসর্গিক স্থান প্রদান করেছে। কুপার্সটাউন মেইন স্ট্রিট থেকে লেক ওটসেগো পর্যন্ত সংযোগ তৈরি করা, ঐতিহাসিক ভবনের আস্তরণগুলো সংস্কার করা, আবাসিক ও বাণিজ্যিক মান উন্নত করতে অবকাঠামো সমৃদ্ধ করা, হেঁটে চলাচলের উপযুক্ততা ও অ্যাক্সেসযোগ্যতা উন্নত করা এবং ডাউনটাউনে অ্যাপার্টমেন্ট-স্টাইলের আবাসন তৈরি করতে সহায়তা করার মাধ্যমে ডাউনটাউনের পূর্বের উন্নয়নগুলো এবং এটির প্রাকৃতিক পর্যটনের আকর্ষণকে বৃদ্ধি করতে চায়।

শ্যারন স্প্রিংস

শ্যারন স্প্রিংস ভিলেজ ঐতিহাসিক স্থানসমূহের জাতীয় রেজিস্টার এবং ঐতিহাসিক স্থানসমূহের নিউ ইয়র্ক স্টেট রেজিস্টার উভয়টিতে একটি ঐতিহাসিক স্পা ভিলেজ হিসেবে স্বীকৃত। শ্যারন স্প্রিংসে বছরজুড়ে মাত্র 500 জন অধিবাসী থাকলেও, এখন পর্যন্ত এটি 15 মিলিয়ন ডলারেরও

বেশি বেসরকারি বিনিয়োগের সাইট হয়ে উঠেছে এবং বিকম্যান 1802 (Beekman 1802)-এর মতো স্থাপনাগুলো এই ভিলেজের প্রতি মনোযোগ আকৃষ্ট করা অব্যাহত রেখেছে। শ্যারন স্প্রিংসের প্রস্তাবিত NY ফরোয়ার্ড এলাকার মধ্যে মেইন স্ট্রিট সহ উত্তর দিকে অ্যাডলার হোটেল (Adler Hotel) ও ভিলেজ লাইন পর্যন্ত আনুমানিক এক মাইল এলাকা এবং মেইন স্ট্রিটের পূর্বদিকের দুইটি ব্লক অন্তর্ভুক্ত রয়েছে। মেইন স্ট্রিটের এই এলাকায় মিনারেল স্প্রিং, ক্রিক ও জলপ্রপাতগুলো একটি ইতিহাস রচনা করেছে যা চিত্তবিনোদনমূলক স্পা, একটি ভিলেজ পার্ক, রেস্তোরাঁ, হোটেল, থিয়েটার ও আর্টস, প্রদর্শনী ও দোকানগুলোর মধ্য দিয়ে জীবন্ত হয়ে উঠছে। শ্যারন স্প্রিংস 21 শতকের এবং সামনের সময়গুলোর জন্য একটি আধুনিক, মডেল ব্যবসায়িক, আবাসিক ও পর্যটন কমিউনিটি হয়ে উঠার জন্য এটির সম্প্রতি বৃদ্ধি পাওয়া বেসরকারি ব্যবসা প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগ এবং সরকারি অবকাঠামোর বিনিয়োগকে আরো এগিয়ে নিতে চায়। ভিলেজটি গুরুত্বপূর্ণ শিল্প ও বিনোদনের ভেন্যুসমূহ এবং অন্যান্য ঐতিহাসিক ভবন সংস্কার করা, পাবলিক ওয়াই-ফাই যোগ করা এবং ভিলেজটির অসংখ্য ক্ষুদ্র ব্যবসাকে সহায়তা করার মাধ্যমে এটির রূপকল্প বাস্তবায়ন করবে।

ডলজেভিল
অ্যাডিরনড্যাক পর্বতের পাদদেশে অবস্থিত এই ডলজেভিল ভিলেজ অ্যাডিরনড্যাক অঞ্চলের একটি গেটওয়ে এবং আঞ্চলিক সিটিগুলোর সঙ্গে একটি সংযোগ হিসেবে কাজ করে। ভিলেজটির প্রস্তাবিত NY ফরোয়ার্ড এলাকা ডলজেভিল ডাউনটাউনের কেন্দ্রস্থলে অবস্থিত সহজে হেঁটে চলাচলের উপযুক্ত একটি স্থান যেটির মাঝখান দিয়ে ভিলেজটির মেইন স্ট্রিট চলে গেছে এবং এক সময় মোহাক ভ্যালির প্রথম জলবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ঠিকানা হয়ে থাকা একটি কৌশলগত অবস্থান, ইস্ট কানাডা ক্রিক সংলগ্ন শিল্পখাতের ব্যবহারের কারণে এটির সবচেয়ে অনন্য কিছু বৈশিষ্ট্য তৈরি হয়েছে। ভিলেজটির প্রাকৃতিক সম্পদগুলো এবং উদ্ভাবনমূলক অবকাঠামোর অনন্য সম্মিলন ভিলেজটির মধ্যে শিল্পের কেন্দ্রস্থল হিসেবে স্থানটির অবস্থান সুদৃঢ় করেছে। এটির গল্পে গাঁথা ইতিহাসের উপর ভিত্তি করে ভিলেজটির রূপকল্প হলো এটির অর্থনৈতিক, বাণিজ্যিক, সাংস্কৃতিক ও শৈল্পিক প্রাণবন্ততা এবং এটির ঐতিহাসিক মেইন স্ট্রিট ডিস্ট্রিক্টকে আগের অবস্থায় ফিরিয়ে নেওয়ার মাধ্যমে ভিলেজটিকে একটি সমৃদ্ধ, টেকসই ভবিষ্যতের দিকে এগিয়ে নিয়ে যাওয়া। ডলজেভিল ভিলেজ ইস্ট কানাডা ক্রিকের অ্যাক্সেস উন্নত করা, ক্ষুদ্র ব্যবসাগুলোকে সহায়তা করার জন্য একটি তহবিল তৈরি করা এবং অতি গুরুত্বপূর্ণ চাইল্ড কেয়ার ফ্যাসিলিটি প্রদান করার মাধ্যমে এই রূপকল্প বাস্তবায়ন করতে চায়।

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "স্টেটজুড়ে ক্ষুদ্রতর ডাউনটাউন কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করা আমাদের অর্থনৈতিক উন্নয়ন প্রচেষ্টার সফলতার চাবিকাঠি এবং আমাদের NY ফরোয়ার্ড কর্মসূচি ঠিক সেই কাজটিই করছে। এই উদ্ভাবনমূলক নতুন কর্মসূচির মাধ্যমে কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস এবং ডলজেভিলকে প্রদান করা তহবিল এসব কমিউনিটিকে বসবাস, কর্মসংস্থান ও খেলার জন্য আকর্ষণীয় স্থানে রূপান্তর করবে, যার ফলে মোহাক ভ্যালি এবং সমগ্র নিউ ইয়র্ক স্টেটের জন্য আরো বেশি সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধারে সহায়তা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচির এই প্রথম রাউন্ডের ওপেনিং

পিচ শুধু আইকনিক কুপার্সটাউন ভিলেজ এবং এটির বেসবল ও শিল্পের ঐতিহ্যের জন্যেই নয়, বরং ছবির মতো সুন্দর শ্যারন স্প্রিংস ভিলেজ এবং ডলজেভিল ভিলেজের জন্যেও অনেক বেশি সাফল্য নিয়ে আসবে। ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনগুলোর জন্য DRI মডেল অনুসরণ করে, নিউ ইয়র্ক ফরোয়ার্ড কর্মসূচির তহবিল বাণিজ্যিক স্থানগুলো এবং মোহাক ভ্যালির এসব কমিউনিটিতে শিল্প, ওয়াটারফ্রন্ট এবং আকর্ষণীয় স্থানগুলোর সঙ্গে সংযোগ উন্নত করবে, এবং একইসাথে আগামী বহু ইনিংস ধরে প্রবৃদ্ধি অর্জনের জন্য আবাসন ও অবকাঠামো উন্নত করবে।"

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "মোহাক ভ্যালিতে জাতীয় আকর্ষণগুলো দিয়ে সজ্জিত অনন্য, ঐতিহাসিক কমিউনিটিগুলো অবস্থিত, এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে স্টেটের অঙ্গীকারাবদ্ধতা কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস এবং ডলজেভিল ভিলেজের অফার করা বিষয়গুলোকে সমৃদ্ধ করবে। আমাদের কমিউনিটিগুলোতে গভর্নর হোকলের কৌশলগত বিনিয়োগসমূহ কিভাবে আগামী বছরগুলোতে অধিবাসী ও দর্শনার্থীদেরকে উপকৃত করবে আজকের ঘোষণা তার একটি উৎকৃষ্ট উদাহরণ।"

স্টেট সিনেটর মার্ক ওয়ালজিক বলেন, "ডলজেভিল ভিলেজ এই তহবিল পাওয়ার জন্য অনেক বেশি যোগ্য এবং এই ভিলেজের অধিবাসীদের জন্য এটি একটি বিশাল বিজয়। ইতোমধ্যে সৌন্দর্যমন্ডিত ও ঐতিহাসিক ডাউনটাউনের উন্নয়নগুলো মোহাক ভ্যালিতে একটি অসাধারণ সংযোজন এবং আমার অফিস আমাদের সাধ্যমতো সব উপায়ে সহায়তা করার জন্য প্রস্তুত রয়েছে।"

স্টেট সিনেটর পিটার ওবার‍্যাকার বলেন, "কুপার্সটাউন ও শ্যারন স্প্রিংসের প্রতিনিধিত্ব করতে পেরে আমি সম্মানিত বোধ করছি, যে ভিলেজগুলোর উভয়েটিতেই রয়েছে ঐতিহাসিক আকর্ষণ, চমৎকার ক্ষুদ্র ব্যবসা, এবং অসাধারণ স্থানীয় নেতৃবৃন্দ এবং তারা স্টেটের এসব বিনিয়োগ পাওয়ার জন্য অনেক বেশি যোগ্য। যদিও আজ এসব ভিলেজকে বিজয়ী ঘোষণা করা হয়েছে, এসব অনুদানের ডলার থেকে পুরো অঞ্চলটি দারুণভাবে উপকৃত হবে। আমাদের ক্ষুদ্র গ্রামীণ কমিউনিটিগুলো সত্যিকারের রত্ন এবং অর্থনৈতিক চালিকাশক্তি, স্টেটের জন্য তাদের গুরুত্ব অনুধাবন করা এবং NY ফরোয়ার্ডের মতো কর্মসূচিগুলোর মাধ্যমে তাদেরকে সমৃদ্ধ হয়ে উঠতে সাহায্য করা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ট্যাগু বলেন, "এসব বিনিয়োগ আমাদের গ্রামীণ কমিউনিটিগুলোর জন্য স্বাগত জানানোর মতো একটি চমৎকার সংবাদ, যেখানে কমিউনিটির প্রচণ্ড গর্ব নিহিত রয়েছে। নাগরিকরা ইতোমধ্যে যে ভালো কাজ করে চলেছেন তাকে কাজে লাগাবে এবং আমাদের স্থানীয় অর্থনীতিকে আরো সামনে এগিয়ে নিয়ে যাবে এমন অতি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক পুনরুজ্জীবিতকরণ তহবিল প্রদান করে স্টেটের তরফ থেকে এই সহায়তা প্রদান করতে দেখা একটি চমৎকার ব্যাপার।"

কুপার্সটাউন ভিলেজের মেয়র এলেন টিলাপাফ বলেন, "আমরা অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল এবং মোহাক ভ্যালি অর্থনৈতিক কাউন্সিল (Mohawk Valley Economic Council)

NY ফরোয়ার্ড কর্মসূচি তৈরি করেছে এবং এটি কুপার্সটাউনের মতো ভিলেজের জন্য যথার্থ। বিভিন্ন উপাদান ও চাহিদাসম্পন্ন এই ছোট ভিলেজের জন্য 4.5 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ একটি বড় পার্থক্য তৈরি করবে।"

ডলজেভিল ভিলেজের মেয়র ম্যারি পাজোনস্কি বলেন, "আমরা সত্যিই গর্বিত এবং এই অনুদান কর্মসূচি তৈরি করায় আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। NY ফরোয়ার্ড একটি চমৎকার ব্যাপার, এবং এই কর্মসূচির অন্যতম প্রথম অনুদান গ্রহীতা হতে পেরে আমরা উচ্ছসিত।"

শ্যারন স্প্রিংসের মেয়র ডগলাস প্লামার বলেন, "এই অনুদান পেয়ে আমরা অত্যন্ত রোমাঞ্চিত। এটি অত্যন্ত উদ্দীপনাপূর্ণ একটি সুযোগ! আমরা আশা করিনি যে আমরা সময়মতো এটি একত্রিত করতে পারবো, কিন্তু আমরা পেরেছি। এটি নিয়ে আমাদের চমৎকার একটি টিম কাজ করছে এবং এটি অনেক বেশি উদ্দীপনাপূর্ণ একটি ব্যাপার, এবং আমরা এই সুযোগের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

মোহাক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Mohawk Valley Regional Economic Development Council) সহ-সভাপতি, লরেন্স টি. গিলরয় III, গিলরয়, কার্নান এন্ড গিলরয়, ইনক. (Gilroy, Kernan & Gilroy, Inc.)-এর প্রেসিডেন্ট এবং SUNY কোবলস্কিলের (SUNY Cobleskill) প্রেসিডেন্ট ড. ম্যারিয়ন টেরেনজিও বলেন, "NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের ক্ষুদ্রতর কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে গভর্নর হোকলের সহায়তার ব্যাপারে আমরা উৎসাহী হয়ে আছি। কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস এবং ডলজেভিল হচ্ছে মোহাক ভ্যালির রত্ন, এবং তাদেরকে আরো উজ্জ্বল হয়ে চমকে উঠতে সাহায্য করার জন্য MVREDC এই কর্মসূচির সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখে।"

মোহাক ভ্যালির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল এই অঞ্চলের কমিউনিটিগুলোর জমা দেয়া প্রস্তাবগুলোর একটি পুঙ্খানুপুঙ্খ ও প্রতিযোগিতামূলক পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করেছে এবং এসব কমিউনিটি সম্পর্কে সুপারিশ করার আগে নিচের শর্তগুলো বিবেচনা করেছে:

- ডাউনটাউনটি সুনির্দিষ্ট পরিসীমা-বিশিষ্ট ও নিবিড়ভাবে বিন্যস্ত হতে হবে;
- ডাউনটাউনটি পূর্বের বা ভবিষ্যতের বেসরকারি ও সরকারি বিনিয়োগকে সে অঞ্চলে ও তার আশেপাশের অঞ্চলে কাজে লাগাতে সক্ষম;
- শহরতলীর মধ্যে, অথবা তার নিকটবর্তী এলাকায় কর্মসংস্থানের সাম্প্রতিক বা আসন্ন বৃদ্ধি ঘটার সুযোগ থাকতে হবে, যা কর্মীদেরকে শহরতলীতে আকৃষ্ট করতে পারবে, পুনঃউন্নয়নে সহায়তা করবে এবং টেকসই সমৃদ্ধি বয়ে আনবে;
- ডাউনটাউনটি অবশ্যই সব বয়স, আয়, লিঙ্গ, পরিচয়, সক্ষমতা, গতিশীলতা ও সাংস্কৃতিক পটভূমির লোকজনের জন্য একটি আকর্ষণীয় ও প্রাণবন্ত কমিউনিটি হতে হবে;
- মিউনিসিপ্যালিটিকে অবশ্যই ইতোমধ্যে বসবাসের উপযুক্ততা ও জীবনের মান বৃদ্ধি করবে এমন নীতিমালা গ্রহণ করে থাকতে হবে অতবা এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করার সক্ষমতা থাকতে হবে;

- মিউনিসিপ্যালিটি ডাউনটাউনের পুনরুজ্জীবিতকরণের একটি ভিশন এবং কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে এমন প্রকল্প ও উদ্যোগগুলোর একটি প্রাথমিক তালিকা পাওয়া যায় এমন একটি উন্মুক্ত ও শক্তিশালী কমিউনিটির সম্পৃক্ততা প্রক্রিয়া পরিচালনা করে থাকতে হবে;
- মিউনিসিপ্যালিটি এমন রূপান্তরমূলক প্রকল্পগুলোকে শনাক্ত করেছে যেগুলো NY ফরোয়ার্ড তহবিল পেলেই নিকটবর্তী-মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তুত হয়ে যাবে; এবং
- মিউনিসিপ্যালিটির প্রকল্পগুলোর পরিকল্পনা প্রক্রিয়া ও বাস্তবায়ন নিয়ন্ত্রণ করার মতো স্থানীয় সক্ষমতা রয়েছে, যার মধ্যে বরাদ্দপ্রাপ্ত মিউনিসিপ্যাল প্রকল্পগুলোর কন্ট্রাক্টগুলো তদারক করার সক্ষমতাও অন্তর্ভুক্ত রয়েছে।

কুপার্সটাউন, শ্যারন স্প্রিংস ও ডলজেভিল এখন তাদের ডাউনটাউনগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়নের প্রক্রিয়া শুরু করবে। মিউনিসিপ্যাল প্রতিনিধি, কমিউনিটির নেতৃবৃন্দ, ও অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি বেসরকারি খাতের একদল বিশেষজ্ঞ ও স্টেট পর্যায়ের পরিকল্পনাকারীদের সহায়তা নিয়ে এসব প্রচেষ্টায় নেতৃত্ব দিবে। এই কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় প্রতিটি কমিউনিটির ভিশনের সাথে সঙ্গতিপূর্ণ এবং বাস্তবায়ন উপযোগী প্রকল্পগুলো শনাক্ত করার জন্য স্থানীয় সম্পদ ও সুযোগগুলো পরীক্ষা করা হবে। পুনরুজ্জীবিতকরণকে দ্রুত শুরু করার এবং দীর্ঘমেয়াদী সমৃদ্ধির নতুন সুযোগ-সুবিধা তৈরি করার সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে এমন নির্বাচিত প্রকল্পগুলোকে কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা থেকে তহবিল প্রদান করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418